বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(সাধারণ ও সংস্থাপন শাখা)

নিয়োগ বিজ্ঞপ্তি নম্বরঃ ০১/২০১৭ **নিয়োগ বিজ্ঞপ্তি** তারিখঃ ০৬/০৭/২০১৭ খ্রিঃ

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নলিখিত শূণ্য পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী পদের বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ব্যক্তিগত কর্মকর্তা | ১১ | টাঃ ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক ডিগ্রীধারী অথবা সমমান পরীক্ষায় পাস সহ প্রতি মিনিটে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দের টাইপের গতি এবং ইংরেজী ও বাংলায় সাঁটলিপিতে প্রতি মিনিটে ৮০ ও ৫০ শব্দের গতি থাকতে হবে এবং কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে এবং বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত যে কোন প্রতিষ্ঠান হতে কম্পিউটার অপারেটিং সনদ পত্র প্রাপ্ত হতে হবে। |
| ২. | ইমাম | ০১ | টাঃ ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) | মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ২য় শ্রেণীতে কামিল অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় অথবা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে ইসলাম শিক্ষা বা আরবিতে স্নাতক ডিগ্রিসহ কোরানে হাফেজ অথবা দাওরায়ে হাদিস ডিগ্রীধারীগণ বর্ণিত পদের জন্য আবেদন করতে পারবেন। |
| ৩. | অফিস সহকারী | ১০ | টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ন্যূনতম এইচ,এস,সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা। সাঁটলিপি ও কম্পিউটার টাইপিং-এ জ্ঞানসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ৪. | মুদ্রাক্ষরিক তথা অফিস সহকারী | ০৪ | টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ন্যূনতম এইচ,এস,সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। ইংরেজী ও বাংলায় কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন যথাক্রমে ২০ ও ২০ শব্দের গতিসম্পন্ন হতে হবে। |
| ৫. | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০১ | টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ক) উচ্চ মাধ্যমিক পাস অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার চালনা ও রক্ষণাবেক্ষণ কাজে দক্ষতা থাকতে হবে। |
| ৬. | ষ্টোর কিপার | ০১ | টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | কোন স্বীকৃত বোর্ড/ইনস্টিটিউট হতে ২য় বিভাগে উচ্চ মাধ্যমিক পাস অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭. | মোয়াজ্জিন | ০১ | টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ২য় শ্রেণীতে আলিম অথবা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে সমমানের ডিগ্রিধারী। কোরানে হাফেজদের অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে। |
| ৮. | ড্রাইভার | ০১ | টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) ৮ম শ্রেণী পাস<br>(খ) হালকা অথবা ভারী লাইসেন্স থাকতে হবে। |
| ৯. | অফিস সহায়ক | ০১ | টাঃ ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ক) এস,এস,সি (পাস) |
| ১০. | এম,এল,এস,এস | ২৩ | টাঃ ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ন্যূনতম ৮ম শ্রেণী পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন। |
| ১১. | দারোয়ান | ০৩ | টাঃ ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ন্যূনতম ৮ম শ্রেণী পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন। |
| ১২. | খাদেম | ০১ | টাঃ ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | মাদ্রাসা শিক্ষা বোর্ড/সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে ২য় বিভাগে দাখিল অথবা সমমানের জিপিএ পাশ। |
| ১৩. | সুইপার | ০২ | টাঃ ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ন্যূনতম ৮ম শ্রেণী পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন। |

**শর্তাবলীঃ-**

১। নির্ধারিত ফরমে আবেদনপত্র, প্রবেশপত্র ০২ (দুই) কপি এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের নির্ধারিত ফরমে অতিরিক্ত তথ্যাদি স্বহস্তে পূরণ করে আগামী ৩১/০৭/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সাধারণ ও সংস্থাপন শাখা, কক্ষ নং-১১২, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা-১০০০ বরাবরে ডাকযোগে, কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা সরাসরি পৌছাতে হবে। বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েব সাইট (www.supremecourt.gov.bd) হতে ডাইনলোডকৃত আবেদনপত্রের নির্ধারিত ফরম/উক্ত ডাউনলোডকৃত ফরম ফটোকপি করে ব্যবহার করা যাবে।

২। প্রার্থীর বয়সসীমা দরখাস্ত দাখিলের জন্য নির্ধারিত সর্বশেষ তারিখে ১৮ (আঠারো) হতে ৩০ (ত্রিশ) বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য এবং চাকুরীরত প্রার্থীগণকে নির্ধারিত তারিখের মধ্যে স্বীয় কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। আবেদনপত্রের সাথে ছবি ও ট্রেজারী চালান ব্যতিত অন্য কোন কাগজপত্র দাখিলের প্রয়োজন নেই। তবে মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লেখিত অন্যান্য কাগজপত্রের মূল কপি এবং উক্ত সনদপত্র ও কাগজপত্রের ০১ সেট ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক তাঁর নামযুক্ত সীলসহ সত্যায়নপূর্বক দাখিল করতে হবে।

৪। আবেদনপত্রের সাথে পরীক্ষা ফি বাবদ ১ ও ২ নং পদের আবেদনপত্রের সাথে ২০০/- (দুইশত) টাকা , ৩ হতে ৮ নং নম্বর ক্রমিকের জন্য ১০০/- (এক শত) টাকা এবং ৯ হতে ১৩ নং নম্বর ক্রমিকের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে ১-৬১২১-০০২০-২০৩১ নং কোডের বিপরীতে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা করে ট্রেজারী চালানের মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। তবে এক্ষেত্রে পোষ্টাল অর্ডার বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না। আবেদনের সাথে কোন পোষ্টাল অর্ডার, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল করা হলে তা সুপ্রীম কোর্টের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

৫। নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত দরখাস্ত গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

৬। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি কোন চাকুরীর নিশ্চয়তা প্রদান করে না। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজন সাপেক্ষে যে কোন পদের পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বিলুপ্ত করা এবং আবেদনকারী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও উৎকর্ষতার ভিত্তিতে সীমিত সংখ্যক প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ প্রদানের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

আদেশক্রমে
স্বা/-
(মোহাম্মদ কামাল হোসেন শিকদার)
তাং-০৬/০৭/২০১৭ খ্রিঃ
ডেপুটি রেজিস্ট্রার
(সার্বিক ও আদি অধিক্ষেত্র)
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

## হাইকোর্ট বিভাগ, ঢাকা।

### চাকরির আবেদন ফরম

সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি

| | | | |
|---|---|---|---|
| ১। | পদের নামঃ | | |
| ২। | বিজ্ঞপ্তির নম্বরঃ | তারিখঃ | দিন / মাস / বছর |
| ৩। | প্রার্থীর নামঃ | বাংলায়ঃ | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে)ঃ | |
| ৪। | জাতীয় পরিচয় নম্বরঃ | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বরঃ | | |
| ৫। | জন্ম তারিখঃ | দিন / মাস / বছর | |
| ৬। | জন্ম স্থান (জেলা)ঃ | | |
| ৭। | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ | বছর / মাস / দিন | |
| ৮। | মাতার নামঃ | | |
| ৯। | পিতার নামঃ | | |

| ১০। ঠিকানাঃ | ঠিকানা | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| | বাসা ও সড়ক (নাম/নম্বর)ঃ | | |
| | গ্রাম/পাড়া/মহল্লাঃ | | |
| | ইউনিয়ন/ওয়ার্ডঃ | | |
| | ডাকঘরঃ | | |
| | পোস্টকোড নম্বরঃ | | |
| | উপজেলাঃ | | |
| | জেলাঃ | | |

| | | | |
|---|---|---|---|
| ১১। | যোগাযোগ | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |
| ১২। | জাতীয়তাঃ | ১৩। | জেন্ডার (নারী/পুরুষ)ঃ |
| ১৪। | ধর্মঃ | ১৫। | পেশাঃ |

১৬। শিক্ষাগত যোগ্যতা

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

১৭। অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে)ঃ

১৮। অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯। | কোটা (টিক দিন)ঃ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন)ঃ |
| ২০। | চালান নম্বরঃ | তারিখঃ | দিন / মাস / বছর | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১। | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন)ঃ | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

২২। আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ দিন / মাস / বছর

.............................

প্রার্থীর পূর্ণ স্বাক্ষর

| রোল নম্বরঃ<br><br>(অফিস কর্তৃক পূরণীয়) |
|---|

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**হাইকোর্ট বিভাগ, ঢাকা**
**(সাধারণ ও সংস্থাপন শাখা)**

| এখানে পাসপোর্ট সাইজের ১ কপি ছবি আঠা দিয়ে লাগাতে হবে |
|---|

**প্রবেশপত্র**

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে নিম্নলিখিত পদে সরাসরি নিয়োগের নিমিত্তে নিম্নলিখিত তারিখ, সময় ও স্থানে পরীক্ষায় অংশগ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলঃ

| আবেদনকারী কর্তৃক পূরণীয় |
|---|
| পদের নামঃ |

| অফিস কর্তৃক পূরণীয় | |
|---|---|
| পরীক্ষা, তারিখ ও সময় | পরীক্ষার স্থান |
| | বাংলাদেশ সুপ্রীম কোর্ট<br>হাইকোর্ট বিভাগ, ঢাকা। |

সভাপতি
নিয়োগ কমিটি
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

| **প্রেরকঃ** | আবেদনকারী কর্তৃক পূরণীয় |
|---|---|
| সভাপতি | **প্রতি,** |
| নিয়োগ কমিটি | প্রার্থীর নামঃ |
| বাংলাদেশ সুপ্রীম কোর্ট | পিতা/স্বামীঃ |
| হাইকোর্ট বিভাগ, ঢাকা। | বর্তমান ঠিকানাঃ |
| | গ্রাম/ ওয়ার্ড/মহল্লাঃ |
| | ডাকঘরঃ |
| | উপজেলা/থানাঃ |
| | জেলাঃ |

**বিঃদ্রঃ** পরীক্ষার বিস্তারিত আসন বন্টন পরীক্ষার দিন বাংলাদেশ সুপ্রীম কোর্টের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট ভবনের সামনে প্রদর্শন করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মোবাইল ফোন, ক্যালকুলেটর, হাত ঘড়ি বা অন্য কোন ইলেক্ট্রনিক সরঞ্জামাদি নিয়ে পরীক্ষার হলে প্রবেশ এবং পরীক্ষা চলাকালে নিজের কাছে রাখা যাবে না। পরীক্ষার্থীর কর্তৃক পরীক্ষায় কোন প্রকার অসাদুপায় অবলম্বন বা প্রতারণা পরীক্ষার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।